

## মাধ্যমিক ও দাখিলে আগামী বছর ডিজিটাল বই

### যুগান্তর রিপোর্ট

আগামী বছর ডিজিটাল পাঠ্যবই দেবে সরকার। স্কুল ও মাদ্রাসায় প্রাথমিকভাবে মোট ১৬টি বই ডিজিটাল ফরমেটে আনা হবে। পরে বাকি বইগুলোও ডিজিটাল করা হবে। বৃহস্পতিবার এক কর্মশালা অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এ তথ্য জানান।

মাদ্রাসা শিক্ষা ধারার দাখিল স্তরের ইসলামি ও আরবি বিষয়গুলোর পাঠ্যপুস্তক ইন্টারঅ্যাক্টিভ ডিজিটাল মাদ্রাসা বুকসে রূপান্তরবিষয়ক এ কর্মশালা জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমিতে (নায়েম) অনুষ্ঠিত হয়। মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ছায়েফ উল্যার সভাপতিত্বে শিক্ষা সচিব মো. নজরুল ইসলাম খান, অতিরিক্ত সচিব এএস মাহমুদ, স্নোকসানা মালেক, নামেমের মহাপরিচালক হামিদুল হক, জমিয়াতুল মোদারেরছিনের মহাসচিব মাওলানা সাকিবর আহমেদ মোমতাজী প্রমুখ বক্তব্য রাখেন।

শিক্ষামন্ত্রী বলেন, ২০১৬ সালের জানুয়ারিতেই মাদ্রাসা শিক্ষার পাঠ্যবই ইন্টারঅ্যাক্টিভ ডিজিটাল পাঠ্যবইয়ে রূপান্তর শুরু হচ্ছে। প্রথম পর্যায়ে দাখিল স্তরের ৬ষ্ঠ শ্রেণীর ৪টি বই এবং অন্য ১২টি সাধারণ শিক্ষার বই নিয়ে কাজ শুরু হয়েছে। ক্রমাগত ৭ম, ৮ম ও ৯ম-১০ম শ্রেণীর বইও ডিজিটালাইজড করা হবে। মাদ্রাসা শিক্ষা আর কোনো ক্ষেত্রেই পিছিয়ে থাকবে না। তিনি বলেন, নতুন প্রজন্মকে আধুনিক শিক্ষায় শিক্ষিত করে গড়ে তোলার লক্ষ্যে শিক্ষা ব্যবস্থায় আমূল পরিবর্তন আনা হচ্ছে। এ জন্য শিক্ষার প্রতিটি স্তরে প্রযুক্তির প্রয়োগ করে দক্ষতার সঙ্গে এগোতে হবে। এখন বড় চ্যালেঞ্জ গুণগতমানের শিক্ষা। এ জন্য সরকার বিভিন্ন ধরনের পদক্ষেপ গ্রহণ করেছে। উল্লেখ্য, ২০১৬ সাল থেকে ৬ষ্ঠ শ্রেণীর কোরআন মজিদ, আকাইদ ও ফিকহ আরবি প্রথমপত্র এবং আরবি দ্বিতীয়পত্র বিষয় ৪টির পাঠ্যবই ডিজিটালাইজড করবে মাদ্রাসা শিক্ষা বোর্ড। এছাড়া এনসিটিবি বাকি সাধারণ ১২টি বইয়ের ডিজিটাল কন্টেন্ট তৈরি করবে।